গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন ঃ ৯৫৬২৭৯৫ ফ্যাক্স ঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
উন্নয়ন শাখা-৩, ঢাকা।
Website: www.pwd.gov.bd

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২২০.১৪.৩৬০.১৬. ৪২৫

তারিখ ঃ- ১৭/০৮/১৪২৩ বঙ্গাব্দ
০১/১২/২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের উপর বিগত ২০/১১/২০১৬ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত সভার অনুমোদিত (প্রধান প্রকৌশলী কর্তৃক) কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০১ (এক) প্রস্থ।

১/১২/১৬
(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন ঃ ৯৫৬৮৯১৪, ফ্যাক্স ঃ ৯৫৫৪৬২৪

বিতরণঃ

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ঢাকা /চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/রংপুর/ ই-এম, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, Urban Building Safety Projcet. পূর্ত ভবন, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (এমআইএস সেল), পূর্ত ভবন, ঢাকা, সদস্য, এপিএ ও নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত কমিটি।
৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

F:\Development-3\APA\APA Meetting Minitus.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
উন্নয়ন শাখা-৩

**বিষয় ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) জনাব মোসলেহ্ উদ্দীন আহাম্মদ এর সভাপতিত্বে ২০/১১/২০১৬ খ্রিঃ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। **সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ নিম্নরূপ ঃ**

১। জনাব এস, এম জুলক্বারনাইন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৩, ঢাকা।

২। জনাব মোঃ খালেদ হুসাইন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩। জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪। জনাব হুমায়রা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৫। জনাব নাজমুন নাহার হামিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব কামরুন নাহার, সহকারী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সম্প্রতি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এপিএ সংক্রান্ত সভার এবং মন্ত্রিপরিষদ বিভাগে নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে অনুষ্ঠিত সভার আলোচ্য বিষয়বস্তু এবং এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের করনীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতির বিস্তারিত বিশ্লেষন করা হয়। অদ্যাবধি গণপূর্ত জোন- বরিশাল, খুলনা, সিলেট ও ই/এম হতে ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন না পাওয়ায় সভাপতি মহোদয় হতাশা ব্যাক্ত করেন। অগ্রগতি প্রতিবেদন সঠিকভাবে প্রেরণের স্বার্থে জোন এবং সার্কেল ভিত্তিক কর্মকর্তাগণকে এপিএ'র ব্যাপারে ব্রিফিং করার প্রয়োজনীয়তার ব্যাপারে সভায় একমত পোষন করা হয়। সভায় আলোচনান্তে কেন্দ্রীয়ভাবে এপিএ ও নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে কমিটি পুনর্গঠনের বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন। তাছাড়া ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য উদ্ভাবনী তালিকার খসড়া বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। এছাড়াও এসপিএস, ই-ফাইলিং এবং শুদ্ধাচার সম্পর্কিত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের চলমান কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সভায় এপিএ ও নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে বিস্তারিত আলোচনার পরে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত (১) ঃ গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ক প্রস্তাবিত কার্য নির্বাহী কমিটিঃ**

| | |
|---|---|
| ১। জনাব মোসলেহ্ উদ্দীন আহাম্মদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)- | ফোকাল পয়েন্ট/চিফ ইনোভেশন অফিসার/আহবায়ক |
| ২। জনাব আবুল কালাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা- | সদস্য |
| ৩। জনাব এস, এম জুলক্বারনাইন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৩, ঢাকা- | সদস্য |
| ৪। জনাব মোঃ খালেদ হুসাইন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |
| ৫। জনাব হায়াত মোঃ ফিরোজ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, ঢাকা- | সদস্য |
| ৬। জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |
| ৭। জনাব হুমায়রা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |
| ৮। জনাব আব্দুর রহিম রিপন, নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা- | সদস্য |
| ৯। জনাব নাজমুন নাহার হামিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |
| ১০। জনাব নাহিদ আফরোজ লিজ, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |
| ১১। জনাব অজন্তা তন্মা, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম পিএন্ডডি সার্কেল, ঢাকা- | সদস্য |
| ১২। জনাব কামরুন নাহার, সহকারী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা- | সদস্য |

**সিদ্ধান্ত (২)ঃ** গণপূর্ত ঢাকা জোন, ই/এম জোন, ঢাকার সকল সার্কেলের ২ জন করে নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলীগণকে আগামী ২৮/১১/২০১৬ তারিখ সকাল ১০.৩০ মিনিট হতে ১১.৩০ পর্যন্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তরে ব্রিফিং প্রদান করা হবে।

সিদ্ধান্ত (৩)ঃ 'উদ্ভাবন' তালিকার খসড়া প্রস্তুত করা হলো, যা নিম্নরূপঃ

ক) মতিঝিল গণপূর্ত বিভাগের দৈনন্দিন মেরামত এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অনুরোধ কার্যাদি অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করা। গণপূর্ত অধিদপ্তরের কেন্দ্রীয় সার্ভারের মাধ্যমে পুরো বিষয়টি মনিটরিং করা। পরবর্তীতে আজিমপুর গণপূর্ত বিভাগেও অনুরূপ কার্যাদি চালুকরণ।

খ) প্রধান প্রকৌশলীর দপ্তর হতে ইস্যুকৃত সকল বরাদ্দপত্র ওয়েবসাইট আপলোড ও মাঠ পর্যায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করা।

গ) স্বাস্থ্য মন্ত্রণালয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ PMS (Project Monitoring System) Software এর মাধ্যমে মনিটরিং করা।

সিদ্ধান্ত (৪)ঃ e-filing বিষয়ে নমুনা কাজ হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তরের হিসাব শাখা-১ এর অধীন গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহের যাবতীয় কার্যাদি অন্তর্ভূক্ত করা হবে। এ বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের লক্ষ্যে এম,আই,এস সেল প্রস্তাব উপস্থাপন করবে।

সিদ্ধান্ত (৫)ঃ প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে বিগত মাসের এপিএ অগ্রগতি প্রতিবেদন গণপূর্ত জোনসমূহ হতে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় পর্যায়ে এপিএ বাস্তবায়ন তদারকি টিম গঠন করে প্রধান প্রকৌশলীর দপ্তরকে অবহিত করবে।

সিদ্ধান্ত (৬)ঃ নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে/সেবা সহজিকরণ এ মাঠ পর্যায়ে কর্মকর্তাগণের মতামত/ধারণা/চিন্তাধারা/কর্মকৌশল প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করবে।

সিদ্ধান্ত (৭)ঃ প্রতিমাসের প্রথম সপ্তাহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ক কেন্দ্রীয় সভা অনুষ্ঠিত হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/11/23

(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।